বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৪০.৩৬.০০৬.২৫-১৫১

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ উপলক্ষে সাংবাদিক পরিচয়পত্র ও গাড়ির স্টিকার ইস্যুকরণ সংক্রান্ত।

সূত্র : ১৭.০০.০০০০.০৪০.৩৬.০০৪.২৫-১৪১, তারিখ : ২৬ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের দিন ভোটকেন্দ্রে প্রবেশে বিধি নিষেধ রয়েছে এবং সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের ভোটার ও নির্বাচন কমিশনের অনুমোদিত পরিচয়পত্রধারীরাই ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবেন। গণমাধ্যমকর্মীদের জন্য কমিশন কর্তৃক অনুমোদিত "নির্বাচনি সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যমকর্মীদের জন্য নীতিমালা ২০২৫" রয়েছে; যা মেনে সাংবাদিকদের সংবাদ সংগ্রহ এবং আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০২। ঢাকাস্থ কেন্দ্রীয় সাংবাদিকদের কার্ড ও গাড়ির স্টিকার নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ অধিশাখা হতে এবং সারাদেশের স্থানীয় পর্যায়ের সাংবাদিকদের সাংবাদিক কার্ড ও গাড়ির স্টিকার সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বা তাঁর কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অনুমোদন করবেন। কতজন স্থানীয় সাংবাদিককে পরিচয়পত্র দেয়া যায় তা স্থানীয় প্রেসক্লাব বা সাংবাদিক নেতৃবৃন্দের সাথে আলোচনা করে নির্ধারণ করা যেতে পারে। প্রয়োজনে সাংবাদিকের আবেদন যাচাই বাছাই করে পরিচয়পত্র প্রদানের জন্য একটি কমিটি গঠন করে দিতে পারেন। আবেদনের জন্য একটি সময়সীমা নির্ধারণ করে দেয়া যেতে পারে।

০৩। সংবাদ মাধ্যমের নিউজ এডিটর/চিফ রিপোর্টার/বার্তা প্রধান/ ব্যুরো প্রধান/জেলা প্রতিনিধি সংশ্লিষ্ট সাংবাদিকের পরিচয়পত্রসহ আবেদন করলে তাদের কাগজপত্রাদি যাচাই বাছাই করে যৌক্তিক সংখ্যক সাংবাদিক পরিচয়পত্র এবং গাড়ির স্টিকার ইস্যু করতে হবে। যেসব সাংবাদিকদের পরিচয়পত্র দেয়া হবে তাদের বিস্তারিত তথ্য পরিচয়পত্রের নম্বরসহ রেজিস্ট্রারে লিখে রাখতে হবে এবং নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে। পরিচয়পত্রে রিটার্নিং অফিসার বা তাঁর কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সীল দিতে হবে।

০৪। সাধারণত: দৈনিক, সাপ্তাহিক, ইলেকট্রনিক গণমাধ্যম যেমন-রেডিও, টেলিভিশন, সরকার অনুমোদিত অনলাইন নিউজ এজেন্সি, আইপি টিভি, অনলাইন নিউজ পোর্টাল ও নিউজ এজেন্সির সাংবাদিকদের পরিচয়পত্র ও গাড়ির স্টিকার দেয়া হয়। এদের মধ্যে যেসব পত্রিকার নাম চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মিডিয়া লিস্টে রয়েছে; এছাড়াও দৈনিক পত্রিকার নিবন্ধন রয়েছে এবং নিয়মিত প্রকাশিত হয় সেসব পত্রিকার সাংবাদিকদের দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত তথ্যাদি যাচাই-বাছাই করে পরিচয়পত্র ও গাড়ির স্টিকার অনুমোদন করতে হবে।

০৫। যে সকল ফ্রি-ল্যান্স সাংবাদিকের তথ্য অধিদপ্তরের পাসধারী পিআইডি এ্যাক্রিডিটেশন কার্ড রয়েছে, সেই সকল সাংবাদিকদের সাংবাদিক পরিচয়পত্র ইস্যু করা যাবে। পিআইডি'র এ্যাক্রিডিটেশন কার্ড নেই এমন কোন ফ্রি-ল্যান্স সাংবাদিককে সাংবাদিক পরিচয়পত্র ইস্যু করা যাবে না।

০৬। সাংবাদিকদের প্রযুক্তিগতভাবে সহায়তা করার জন্য সাপোর্ট স্টাফ (মিডিয়া/ক্যামেরা পারসন/অন্যান্য) নিয়োজিত থাকবেন তাদের সাপোর্ট স্টাফ (মিডিয়া) পরিচয়পত্র প্রদান করতে হবে। কোন সাংবাদিকের জন্য গাড়ির স্টিকার প্রদান করা হলে স্টিকারের নম্বর দিতে হবে এবং তা রেজিস্ট্রারে লিখে রাখতে হবে।

০৭। নির্বাচনি সংবাদ সংগ্রহ করার সময় সাংবাদিক ও সাপোর্ট স্টাফদের (মিডিয়া) কার্ডের পিছনে উল্লিখিত নির্দেশনাসহ আরো যে সকল নির্দেশনা অবশ্যই মেনে চলতে হবে তা হলো-

- নির্বাচন কমিশনের পক্ষ থেকে প্রদত্ত বৈধ কার্ডধারী সাংবাদিক সরাসরি ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবেন।
- ভোটকেন্দ্রে প্রবেশের পর প্রিজাইডিং অফিসারকে অবহিত করে ভোটগ্রহণ কার্যক্রমের তথ্য সংগ্রহ, ছবি তোলা এবং ভিডিও ধারণ করতে পারবেন, তবে কোনক্রমেই গোপন কক্ষের ভিতরের ছবি ধারণ করতে পারবেন না:
- একইসাথে দুইয়ের অধিক মিডিয়ার সাংবাদিক একই ভোটকক্ষে প্রবেশ করতে পারবেন না এবং ১০ মিনিটের বেশি ভোটকক্ষে অবস্থান করতে পারবেন না;
- ভোটকক্ষে নির্বাচনি কর্মকর্তা, নির্বাচনি এজেন্ট বা ভোটারদের সাক্ষাৎকার গ্রহণ করতে পারবেন না;
- ভোটকক্ষের ভিতর হতে কোনভাবেই সরাসরি সম্প্রচার করা যাবে না;
- ভোটকেন্দ্রের ভিতর হতে সরাসরি সম্প্রচার করতে হলে ভোটকক্ষ হতে নিরাপদ দূরত্বে গিয়ে তা করতে হবে, কোনক্রমেই ভোটগ্রহণ কার্যক্রমে বাঁধার সৃষ্টি করা যাবে না;
- সাংবাদিকগণ ভোটগণনা কক্ষে ভোট গণনা দেখতে পারবেন, ছবি নিতে পারবেন তবে সরাসরি সম্প্রচার করতে পারবেন না;
- ভোটকক্ষ হতে ফেসবুকসহ কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে সরাসরি প্রচার করা যাবেনা;
- কেন্দ্রের ভোটগ্রহণ কার্যক্রম ব্যাহত হয় এমন সকল কাজ থেকে বিরত থাকবেন;
- ভোটকেন্দ্রে সাংবাদিকগণ প্রিজাইডিং অফিসারের আইনানুগ নির্দেশনা মেনে চলবেন:
- নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাজে কোনরুপ হস্তক্ষেপ করতে পারবেন না;

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

- কোন প্রকার নির্বাচনি উপকরণ স্পর্শ বা অপসারণ করতে পারবেন না;
- নির্বাচনি সংবাদ সংগ্রহের সময় প্রার্থী বা কোন রাজনৈতিক দলের পক্ষে বা বিপক্ষে যেকোন ধরণের প্রচারণা বা বিদ্বেষমূলক প্রচারণা হতে বিরত থাকবেন;
- নির্বাচন অনুষ্ঠানে সহায়তার জন্য নির্বাচনি আইন ও বিধিবিধান মেনে চলবেন;

০৮। উল্লিখিত নির্দেশনা পালন না করলে বা তার ব্যত্যয় ঘটলে উক্ত প্রতিষ্ঠানের নামে নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত সকল সাংবাদিক পরিচয়পত্র বাতিল করা হবে।

০৯। প্রয়োজনীয় সাংবাদিক পরিচয়পত্র, সাপোর্ট স্টাফ (মিডিয়া) পরিচয়পত্র ও সাংবাদিক গাড়ির স্টিকার নির্বাচনি মালামালের সাথে নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ শাখা হতে সংগ্রহ করতে হবে।

১০। **২৬/০১/২০২৬ তারিখের ১৭.০০.০০০০.০৪০.৩৬.০০৬.২৫-১৪৩ স্মারকমূলের পত্র এবং ১৭.০০.০০০০.০৪০.৩৬.০০৪.২৫-১৪১, তারিখ : ২৬ জানুয়ারি ২০২৬ এর বিশেষ পরিপত্রের ক্রমিক নং ৪ এর নির্দেশনাটিও এতদসংগে বাতিল করা হলো।**

সংযুক্তি: (১) "নির্বাচনি সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যমকর্মীদের জন্য নীতিমালা ২০২৫;
(২) সরকার কর্তৃক অনুমোদিত গণমাধ্যম প্রতিষ্ঠানের তালিকা;

২৯/০১/২৬
( মোঃ রুহুল আমিন মল্লিক )
পরিচালক (জনসংযোগ)
মোবাইল : ০১৭১৫২৯৫০৪৬ (হোয়াটসঅ্যাপ)
e-mail : dirpr@ecs.gov.bd

প্রাপক,
১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক......................(সকল) ও রিটার্নিং অফিসার।

নং- ১৭.০০.০০০০.০৪০.৩৬.০০৬.২৫-১৫১

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):

০১। বিভাগীয় কমিশনার, .................................... (সংশ্লিষ্ট);
০২। উপ মহাপুলিশ পরিদর্শক, ,.................................... (সকল);
০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ..................(সংশ্লিষ্ট);
০৪। পুলিশ সুপার, ,.................................... (সকল);
০৫। সিনিয়র জেলা/ জেলা নির্বাচন অফিসার,.................(সকল) [পত্রের অনুলিপি সংশ্লিষ্ট সকলের নিকট সরবরাহের অনুরোধসহ];
০৬। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৭। মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................, এর একান্ত সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৯। সহকারী রিটার্নিং অফিসার..................(সকল), গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬;
১০। উপজেলা/থানা নির্বাচন অফিসার, .....................................(সকল);
১১। অফিসার-ইন-চার্জ, ............................................ (সকল) থানা;
১২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

জারীকৃত
২৯/০১/২০২৬

২৯/০১/২৬
(আসমা দিলারা জান্নাত)
সিনিয়র সহকারী সচিব
প্রকাশনা ও ডকুমেন্টেশন
মোবাইল : ০১৮১৯-৪৭৯৮৭৮